



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

Bangladesh Open University

পরীক্ষা বিভাগ

Examination Division

স্মারক: বাউবি/পরীক্ষা/এসএসসি/০১/৯৬/৪৪৪৭

তারিখ: ১২/১২/২০১৬

জরুরী

জেলা প্রশাসক

সকল জেলা।


বিষয় : বাউবি পরিচালিত এসএসসি পরীক্ষা-২০১৫ এর ২৩/১২/২০১৬ তারিখে অনুষ্ঠিতব্য বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা (SSC-1659) বিষয়ের ২য় সেট প্রশ্নপত্র গ্রহণ প্রসঙ্গে।

জনাব

আপনি অবগত আছেন যে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এসএসসি পরীক্ষা-২০১৫ গত ২৮/১০/২০১৬ ইং তারিখে সারা দেশব্যাপী সকল পরীক্ষা কেন্দ্রে একযোগে শুরু হয়েছে। অনিবার্য কারণবশত: আগামী ২৩/১২/২০১৬ ইং তারিখে অনুষ্ঠিতব্য পরীক্ষার বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা (SSC-1659) বিষয়ের ইতোপূর্বে প্রেরিত প্রশ্নপত্র (সৃজনশীল ও বহুনির্বাচনী) বাতিল করা হয়েছে। উল্লিখিত পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে আপনার জেলার সকল পরীক্ষা কেন্দ্রের জন্য বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা (SSC-1659) বিষয়ের (সৃজনশীল ও বহুনির্বাচনী) বিজি প্রেস কর্তৃক মুদ্রিত ২য় সেট প্রশ্নপত্রের গালাসীলকৃত প্যাকেট বাউবির কর্মকর্তা জনাব..... এর মাধ্যমে জেলা ট্রেজারীতে প্রেরণ করা হল। প্রেরিত ২য় সেট প্রশ্নপত্রের (সৃজনশীল ও বহুনির্বাচনী) দ্বারা উক্ত বিষয়ের পরীক্ষা পূর্ব নির্ধারিত তারিখ ও সময়ে অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

এ বিষয়ে আপনার সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

ধন্যবাদসহ।

  
১২/১২/১৬

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

অনুলিপি কার্যার্থে:

- ১। আঞ্চলিক পরিচালক (সকল), বাউবি (প্রেরিত ২য় সেট প্রশ্নপত্র দ্বারা পরীক্ষা গ্রহণের জন্য জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী কর্মকর্তা, ট্রেজারী কর্মকর্তা, উপ-আঞ্চলিক কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তা ও স্টাডি সেন্টারের ভারপ্রাপ্ত কর্মকর্তা/সমন্বয়কারীর সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ২। ট্রেজারী কর্মকর্তা (সকল) (আগামী ২৩/১২/২০১৬ ইং তারিখে অনুষ্ঠিতব্য পরীক্ষা, বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা (SSC-1659) বিষয়ের ২য় সেট প্রশ্নপত্র হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল) (আপনার অধীন পরীক্ষা কেন্দ্রসমূহের বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা (SSC-1659) বিষয়ের ২য় সেট প্রশ্নপত্রের গালাসীলকৃত প্যাকেট গ্রহণ করে উপজেলার থানা লকারে নিরাপদ হেফাজতে সংরক্ষণ এবং পরীক্ষার দিন বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা/সমন্বয়কারী (সকল), (স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ করে বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা (SSC-1659) বিষয়ের ২য় সেট প্রশ্নপত্রের গালাসীলকৃত প্যাকেট নিরাপদ হেফাজতে সংরক্ষণ ও সুষ্ঠুভাবে নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হ'ল)।
- ৫। উপ-আঞ্চলিক পরিচালক/সহকারী আঞ্চলিক পরিচালক/কো-অর্ডিনেটিং অফিসার উপ-আঞ্চলিক কেন্দ্র (সকল), বাউবি (জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী কর্মকর্তা, ট্রেজারী কর্মকর্তা, সংশ্লিষ্ট স্টাডি সেন্টারের ভারপ্রাপ্ত কর্মকর্তা/সমন্বয়কারীর সাথে যোগাযোগ করে বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা (SSC-1659) বিষয়ের ২য় সেট প্রশ্নপত্র দ্বারা পরীক্ষা গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)।

অনুলিপি : অবগতির জন্য

- ১। ডীন, ওপেন স্কুল, বাউবি।
- ২। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সহকারী-পরিচালক প্রোগ্রাম-উপাচার্যের দপ্তর বাউবি (প্রোগ্রাম-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

